খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০১১.১৯. ১৭৫৬ তারিখঃ- ০৬/আশ্বিন/১৪২৬বঙ্গাঃ
২১/সেপ্টেম্বর/২০১৯খ্রিঃ

# " নিয়োগ বিজ্ঞপ্তি"

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতের জন্য নিম্নবর্নিত যোগ্যতা ও শর্তানুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মকালের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রাক্তন মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো২০১৬ অনুযায়ী বেতন স্কেল-১৪৭০০/- হতে ২৬৪৮০/- টাকা সহ অন্যান্য ভাতাদি | **০১। বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২(বায়ান্ন) বছর (২১/১০/২০১৯ইং তারিখ)। সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br><br>**০২। অভিজ্ঞতা:**আগ্রহী প্রার্থীর মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটাররিডার-কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬(ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ওসন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>**০৩। অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।<br>(গ) প্রার্থীকে পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।<br><br>(ঘ) নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে নূন্যতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অত:পর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে। |

## শর্তাবলীঃ

১। <u>আবেদনপত্র পুরণ ও জমাদানঃ</u> খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট( www.pbs.khulna.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২,ভার্সন-০১ ) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২১/১০/২০১৯ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি. ঠিকরাবন্দ, খুলনা বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না।

২। <u>আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।</u>
(ক) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সাম্প্রতিক কালের তোলা রঙ্গিন ছবি;
(খ) শিক্ষাগত যোগ্যতার সনদ এর অনুলিপি;
(গ) জাতীয় পরিচয় পত্রের অনুলিপি;
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

৩। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/- টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে , যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে ।

(খ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত " অভিজ্ঞতা সনদ" আবেদনপত্রের সহিত দখিল করতে হবে, যা এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে । অভিজ্ঞতা সনদপত্রে প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে( কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/ করছেন) উল্লেখ করতে হবে ।

(গ) প্রাপ্ত আবেদনপত্রসমূহ নিয়োগ কমিটি কর্তৃক বাছাই কার্য সম্পন্নপূর্বক উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে চাকুরীকাল (on job service length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণপূর্বক প্যানেল প্রস্তুত করা হবে। জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তাং-১২ নভেম্বর২০১৮ ইং এর নির্দেশনা অনুসরণ করা হবে ।

(ঘ) যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার(চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক)/ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই ।

(ঙ) অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাঁদের স্বামী/স্ত্রীগণের রক্ত সর্ম্পকীয় কেউ আবেদন করতে পারবেন না ।

(চ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে যা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাঁদের আবেদন করার প্রয়োজন নাই ।

(ছ) দুই বা তাঁর অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন । দুই সহোদয় নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তাহা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে ।

(জ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেই তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে ।

(ঝ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে । নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(ঞ) সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন পূর্ববর্তী পবিসে কর্মরত থাকাকালীন সময়ে না হয়ে থাকলে অত্র পবিস কর্তৃক তার পুলিশ ভেরিফিকেশন করা হবে । পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুত করা হবে ।

৪। খুলনা জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

(মোহাম্মদ রেজায়েত আলী)
জেনারেল ম্যানেজার (অঃদা)

**অনুলিপিঃ**- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১॥ নির্বাহী পরিচালক,বাপবিবো,ঢাকা ।
০২॥ পরিচালক,পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা /পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(পঃঅঃ)পরিদপ্তর,বাপবিবো, ঢাকা
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি এর দপ্তর), বাপবিবো, ঢাকা।
০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..................................পবিস-১/২/৩/৪।
০৬॥ একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো,ঢাকা ।
০৭॥ ডিজিএস-(সদর-কারিগরী)/পাইকগাছা/ডুমুরিয়া/সেনেরবাজার, খুলনা পবিস ।
০৮॥ এজিএম(অর্থ), খুলনা পবিস ।
০৯॥ জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি-১), খুলনা পবিস (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১০॥ নোটিশ বোর্ড, খুলনা পবিস ।
১১॥ অফিস/মাস্টার কপি ।

জেনারেল ম্যানেজার (অঃদাঃ)
খুলনা পবিস ।

F:\Shahina\100.11.doc